জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
সেক্টর- ৮, প্লট- ৫/এ, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০
bpi.gov.bd

বিষয় : বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবা গ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | এ কে মহিউদ্দিন আহমদ, মহাপরিচালক, বিপিআই। |
| সভার তারিখ | : | ২৯/১১/২০২০। |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকা। |
| স্থান | : | অনলাইন সিস্টেম (জুম)। |
| উপস্থিতি | : | রেকর্ডেড। |

সভার শুরুতে সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি বিপিআই এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে বিপিআই এর কার্যক্রম ও সেবাপ্রদান সম্পর্কে উপস্থাপনা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।

২। অত:পর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে বিপিআই এর প্রশিক্ষণ ও সেবাপ্রদান বিষয়সমূহ উপস্থাপন করা হয়।

৩। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), উপস্থিত সকলকে জানান যে, যদি কোভিড-১৯ পরিস্থিতি অনুকূলে থাকে তাহলে জানুয়ারি অথবা ফেব্রুয়ারি, ২০২০ সময়ের মধ্যে বুনিয়াদি প্রশিক্ষণ চালু করা যেতে পারে। এছাড়া স্বশরীরে উপস্থিত থেকে সরাসরি প্রশিক্ষণ চালু করার বিষয়ে বিপিআই কর্তৃপক্ষের চেষ্টা অব্যাহত থাকবে। অত:পর তিনি অনলাইন প্রশিক্ষণ এর উপর মতামত ব্যক্ত করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান।

৪। জনাব মো: আকতার হোসেন, জেনারেল ম্যানেজার, মেঘনা পেট্রোলিয়াম লি: প্রশিক্ষণার্থীদের আবাসন ব্যবস্থা সম্পর্কে জানতে চান। আবাসন ব্যবস্থা সুষ্ঠু হলে দূর-দূরান্তের প্রশিক্ষণার্থীরা নির্বিঘ্নে প্রশিক্ষণ গ্রহণ করতে পারবেন মর্মে তিনি মত ব্যক্ত করেন।

৫। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), এ বিষয়ে সভাকে অবহিত করেন যে, বিপিআই'তে ২৪ জন প্রশিক্ষণার্থীর জন্য আবাসন ব্যবস্থা রয়েছে। এখানে একটি ডাইনিং ও একটি ক্যান্টিন বিদ্যমান আছে। এ ছাড়াও বিপিআই এর ব্যবস্থাপনায় সকাল, দুপুর ও রাতের খাবারের ব্যবস্থা করা হয়।

৬। জনাব জাহিদ আনোয়ার, ম্যানেজার, বড় পুকুরিয়া কোল মাইনিং কো: লি:, জানুয়ারি, ২০২১ সময়ে স্বাস্থ্য বিধি মেনে ৩ ও ৫ দিনের প্রশিক্ষণ কোর্স সরাসরি পরিচালনার বিষয়ে অনুরোধ করেন। তিনি ডরমিটরি সেবাকে সিটিজেন চার্টারে অন্তর্ভুক্ত করার জন্যও অনুরোধ জ্ঞাপন করেন।

৭। মহাপরিচালক আরও বলেন, বিপিআই দেশের জনস্বাস্থ্য পরিস্থিতি বিবেচনায় রেখে সরাসরি কোর্স পরিচালনা করার জন্য প্রস্তুতি গ্রহণ করছে। আশা করি অচিরেই তা বাস্তবায়িত হবে।

৮। জনাব নাসরিন সুলতানা, ডিজিএম (এইচআর), পেট্রোবাংলা, জনাব মো: আকতার হোসেন, মহাব্যবস্থাপক, মেঘনা পেট্রোলিয়াম লি: ও জনাব জাহিদ আনোয়ার, ম্যানেজার, বড় পুকুরিয়া কোল মাইনিং কো: লি: তাঁদের স্ব-স্ব কোম্পানির কর্মচারীদের জন্য বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের অনুরোধ জ্ঞাপন করেন। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বিপিআই এ প্রসঙ্গে বলেন যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান থেকে কর্মচারীদের প্রশিক্ষণের বিষয়ে পত্রের মাধ্যমে সুনির্দিষ্ট প্রস্তাবনা পাওয়া গেলে বিপিআই এর পক্ষ থেকে ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

৯। জনাব আকতার মোহাইমেনুল, সহকারী ব্যবস্থাপক, যমুনা অয়েল কো: লি: আউট সোসিং এর মাধ্যমে আইটি বিষয়ে প্রশিক্ষণ কোর্স পরিচালনার বিষয়ে অনুরোধ করেন। মহাপরিচালক বিপিআই এর বিভিন্ন সেবার বিষয় উল্লেখ করেন ও বিভিন্ন সীমাবদ্ধতার বিষয়েও আলোকপাত করেন। দক্ষ জনবল, কম্পিউটার ল্যাব, কম্পিউটার টেকনিশিয়ান ইত্যাদি সংকটের বিষয়ে তিনি সভাকে অবহিত করেন। তবে কোভিড-১৯ পরিস্থিতি অনুকূলে থাকলে আগামী বছর আইটি সম্পর্কিত প্রশিক্ষণ পরিচালনা করার পরিকল্পনা আছে বলে তিনি সভাকে জানান।

১০। সার্বিক আলোচনা শেষে মহাপরিচালক, বিপিআই অংশগ্রহণকারী সকল প্রতিনিধিকে ধন্যবাদ জানান।

১১। অত:পর নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

(ক) ফেব্রুয়ারি, ২০২১ সময়ে স্বাস্থ্যবিধি মেনে সরাসরি প্রশিক্ষণ পরিচালনা করা যেতে পারে;

(খ) বিপিআই'তে প্রশিক্ষণার্থীদের থাকা-খাওয়ার যথেষ্ট সুবিধা বিদ্যমান রয়েছে তা সকলকে অবহিত করতে হবে;

(গ) কোম্পানিসমূহের চাহিদাপত্র পেলে কর্মচারীদেরকে বিষয় ভিত্তিক প্রশিক্ষণ প্রদানের সুপারিশ করা হয়;

(ঘ) জনবল নিয়োগ ও লজিস্টিক সাপোর্ট তৈরী হলে আইটি প্রশিক্ষণ পরিচালনা করা হবে;

(ঙ) ২০২০-২০২১ অর্থ বছরের কোর্স ক্যালেন্ডার বাস্তবায়নে সকলকে ঐকান্তিক সহযোগিতা প্রদান করতে হবে;

১১। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা:/
(এ কে মহিউদ্দিন আহমদ )
মহাপরিচালক
ফোন: ৮৯৩৩৩৩৪

নং-২৮.০৪.০০০০.০০৪.২৪.০০৭.১৮-৫০৭

তারিখ : ০১ ডিসেম্বর, ২০২০
১৬ অগ্রহায়ণ, ১৪২৭

প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ,ঢাকা (সদয় অবগতির জন্য)।
[দৃষ্টি আকর্ষণ : সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন)]

২) চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন (সদয় অবগতির জন্য)।

৩) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) (সদয় অবগতির জন্য)।

৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)।

৫) মহাপরিচালক , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।

৬) মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট।

৭। জনাব মাহবুবা ফারজানা, পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৮) প্রধান বিস্ফোরক পরিদর্শক, প্রধান বিস্ফোরক পরিদর্শকের কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর, ঢাকা।

৯) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স)।

১০) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড।

১১) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানি লিমিটেড।

১২) ব্যবস্থাপনা পরিচালক , ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড।

১৩) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানি লিমিটেড (জিটিসিএল)।

১৪) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।

১৫) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।

১৬) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি লিমিটেড।

১৭) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড।

১৮) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড।

১৯) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানি লিমিটেড।

১৮) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড।

২০) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড (বিসিএমসিএল)।

২১) ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড।

২২) ম্যানেজিং ডাইরেক্টর, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড।

২৩) ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানি লিমিটেড।

২৪) ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন রিফাইনারী লিমিটেড।

২৫) ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড।

২৬) ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড।

২৭। জনাব মো: সামসুল আলম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

২৮। জনাব মো: সাহিদুজ্জামান, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (প্রশিক্ষণ অধিশাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

২৯। জনাব মো: হারুন-অর-রশীদ, সহকারী পরিচালক (প্রশাসন শাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

৩০। জনাব মো: নুরে আলম শিকদার, সহকারী পরিচালক (ভান্ডার শাখা), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট।

০১/১২/২০২০

( মাহবুবা ফারজানা )
পরিচালক (যুগ্ম সচিব)
ফোন: ০২-৪১০৯০০৩৫
ফ্যাক্স: ৮৯৩৩৩৩৬